গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
সদর, কক্সবাজার
www.sadar.coxsbazar.gov.bd

**" আসন্ন পবিত্র ঈদ-উল-আযহা উপলক্ষ্য কক্সবাজার সদর উপজেলার অস্থায়ী পশুর হাট স্থাপনের নিমিত্ত প্রকাশ্য নিলাম বিজ্ঞপ্তি "**

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জানানো যাচ্ছে যে, জেলা প্রশাসকের কার্যালয়, কক্সবাজার এর স্মারক নং-০৫.২০.২২০০.১২৮.১৭.০০৫.১৫-৪৩৯, তারিখ : ১২/০৭/২০২০ খ্রিস্টাব্দ মূলে প্রেরিত অনুমতির প্রেক্ষিতে আসন্ন পবিত্র ঈদ-উল-আযহা উপলক্ষ্যে নির্ধারিত ছকে ও শর্ত মোতাবেক সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে পশুর হাট বসানোর লক্ষ্যে প্রকাশ্য নিলাম প্রক্রিয়ায় যৌক্তিক ও গ্রহণযোগ্য দরে আগামী ২০/০৭/২০২০ খ্রিস্টাব্দ তারিখ এড.শাহবুদ্দীন আহমদ মিলনায়তন, উপজেলা পরিষদ, কক্সবাজার সদর প্রাঙ্গনে শর্তসাপেক্ষে প্রকাশ্য নিলাম অনুষ্ঠিত হবে। উক্ত প্রকাশ্য নিলাম ডাকে আগ্রহীগণকে নিম্নোক্ত সময়সূচি অনুযায়ী নির্ধারিত সিডিউল ফরম ক্রয়পূর্বক অংশগ্রহণের জন্য অনুরোধ করা হলো।

| সিডিউল ফরম/নিলামে অংশগ্রহণের আবেদন ফরম বিক্রয়ের তারিখ ও স্থান | সিডিউল ফরম/নিলামে অংশগ্রহনের আবেদন ফরম জমাপ্রদানের তারিখ ও স্থান | প্রকাশ্য নিলাম ডাক অনুষ্ঠানের তারিখ, সময় ও স্থান |
|---|---|---|
| ২০/০৭/২০২০ খ্রিস্টাব্দ সোমবার<br>সকাল ৯.০০ টা থেকে দুপুর-১.০০ টা<br>উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়<br>সদর, কক্সবাজার | ২০/০৭/২০২০ খ্রিস্টাব্দ সোমবার<br>দুপুর ১.৩০ টা দুপুর-২.৩০ টা<br>উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়<br>সদর, কক্সবাজার | ২০/০৭/২০২০ খ্রিস্টাব্দ সোমবার<br>বিকাল-৩.৩০ টা<br>এড.শাহবুদ্দীন আহমদ মিলনায়তন<br>উপজেলা পরিষদ,সদর, কক্সবাজার |

**-: শর্তাবলী :-**

০১। আগ্রহী নিলাম ডাকে অংশগ্রহণকারীদের নির্ধারিত তারিখ ও সময়ে স্ব-স্ব বাজারের বিপরীতে নগদ ৫০০/- (পাঁচশত) টাকা মূল্যে (অফেরতযোগ্য) সিডিউল ফরম ক্রয় করে নির্ধারিত সময়ে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয় সিডিউল ফরম জমা দিতে হবে।

০২। নির্ধারিত তারিখ ও সময় ব্যতীত সিডিউল ফরম বিক্রয় করা হবে না এবং এক বাজারের জন্য ক্রয়কৃত সিডিউল ফরম অন্য বাজারের জন্য ব্যবহার করা যাবে না।

০৩। নিলাম ডাকে আগ্রহীগণকে নিলাম ডাক অনুষ্ঠানে অংশগ্রহণের পূর্বে জামানত হিসেবে নগদ ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা (ফেরতযোগ্য) নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে জমা দিতে হবে।

০৪। অনুমোদিত/সর্বোচ্চ নিলাম ডাককারীকে উদ্ধৃত দরের উপর ১৫% ভ্যাট ও ৫% আয়কর নির্ধারিত কোডে জমা প্রদান করতে হবে।

০৫। অনুমোদিত/সর্বোচ্চ নিলাম ডাককারী কোন কারণে বাজার নিতে অপারগ হলে কিংবা নির্ধারিত সময়ে ইজারামূল্যের অবশিষ্ট অর্থ, আয়কর ও ভ্যাট জমা না দিলে নিলাম ডাক বাতিল ও জমাকৃত অর্থ বাজেয়াপ্তক্রমে বাজারটি পুনরায় বিধিমতে ব্যবস্থা গ্রহণ করা হবে।

০৬। কোন নিলাম ডাককারী দুইটি বাজারের নিলাম ডাকে অংশগ্রহণ করতে চাইলে প্রতিটি বাজারের জন্য পৃথক সিডিউল এবং জামানত প্রদান করতে হবে।

০৭। হাট বসানোর অনুমতি প্রদানের পর হতে ঈদের দিন পর্যন্ত সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে পশুর হাট বসানো যাবে।

০৮। অনুমোদিত ইজারাদারকে সরকার নির্ধারিত হারে পাকা রশিদের মাধ্যমে টোল আদায় করতে হবে।

০৯। রাস্তার উপরে হাট বসিয়ে কোনভাবেই রাস্তা বন্ধ করা বা চলাচলে প্রতিবন্ধকতা সৃষ্টি করা যাবে না।

১০। হাটের প্রবেশ মুখে থার্মাল স্ক্যানার/থার্মোমিটার দিয়ে ক্রেতা-বিক্রেতাগণের শরীরের তাপমাত্রা পরীক্ষা করে প্রবেশ নিশ্চিত করতে হবে।

১১। হাটের বিভিন্ন স্থানে প্রয়োজনীয় সংখ্যক হ্যান্ড স্যানিটাইজার ও জীবানুমুক্তকরণ ট্যানেল/বেসিন স্থাপনের ব্যবস্থা গ্রহণ করতে হবে।

১২। সকলকে মাস্ক (সার্জিক্যাল মাস্ক অথবা তিন স্তর বিশিষ্ট কাপড়ের মাস্ক, যা নাক ও মুখ ভালোভাবে ঢেকে রাখবে) অবশ্যই ব্যবহার নিশ্চিত করতে হবে।

১৩। হাটে ক্রয়-বিক্রয়ের সময় ক্রেতা ও বিক্রেতার ন্যুনতম শারিরীক দুরত্ব ৩ফুট এবং পাশাপাশি পশুর ন্যুনতম দুরত্ব ১০ ফুট বজায় রাখতে হবে।

১৪। অস্থায়ী কোরবানী পশুর হাটের চারদিকে বাউন্ডারি প্রদান এবং একপাশ দিয়ে প্রবেশ ও অন্যপাশ দিয়ে বহির্গমন নিশ্চিত করতে হবে। প্রবেশ পথে হাত জীবাণুমুক্ত করার ব্যবস্থা রাখতে হবে।

১৫। অস্থায়ী পশুর হাটের নির্ধারিত স্থানে ক্রয়-বিক্রয়ের পূর্বে শতভাগ জীবানুনাশক স্প্রে দিয়ে জীবানুমুক্ত করতে হবে।

১৬। কোভিড-১৯ প্রতিরোধে সরকারের বিভিন্ন সময়ে জারীকৃত সাধারণ নির্দেশনাসহ অন্যান্য স্বাস্থ্য বিধিসমূহ যথাযথভাবে মেনে পশুর হাট বসাতে হবে।

চলমান পাতা-০২

১৭। নিজ উদ্যোগে পশুরহাট পরিষ্কার পরিচ্ছন্ন রাখতে হবে। ঈদের পর পরই ব্যবহৃত মালামাল অপসারণপূর্বক উক্ত এলাকা পরিষ্কার-পরিচ্ছন্ন করে দিতে হবে।

১৮। আইন-শৃংখলা অবনতিজনিত কোন ঘটনা ঘটলে ইজারাদার দায়ী থাকিবেন।

১৯। নিজ উদ্যোগে অস্থায়ী পশুর হাটে জাল টাকা সনাক্তকরণ মেশিন স্থাপন করতে হবে।

২০। আদালতের নিষেধাজ্ঞা থাকলে কোন অবস্থাতেই বাজার বসানো যাবে না।

২১। নিজ উদ্যোগে অস্থায়ী জেনারেটর এর মাধ্যমে বিদ্যুৎ এর ব্যবস্থা করতে হবে।

২২। নিজস্ব স্বেচ্ছাসবক/ভলানটিয়ার নিয়োগের মাধমে আইন-শৃংখলাসহ নিরাপত্তার ব্যবস্থা করতে হবে।

২৩। দৃশ্যমান একাধিক স্থানে সর্বসাধারণের অবগতির জন্য টোল/চার্ট প্রর্দশনের ব্যবস্থা গ্রহণ করতে হবে।

২৪। উপরোক্ত শর্তাবলীর যে কোন শর্তের ব্যতয় ঘটলে ইজারা বাতিল বলে গণ্য হবে।

## অস্থায়ী পশুর হাটের বিবরণ

| ক্র: নং | ইউনিয়নের নাম | পশুর হাটের নাম | ১৪২৭ বাংলা সনের কাঙ্খিত ইজারা মূল্য | সিডিউল মূল্য |
|---|---|---|---|---|
| ০১ | ইদগাঁও ইউনিয়ন | মধ্যম মাইজ পাড়া অস্থায়ী পশুর হাট | সর্বোচ্চ দর | ৫০০/- |
| ০২ | জালালাবাদ ইউনিয়ন | বটতলী পাড়া, পালাকাটা অস্থায়ী পশুর হাট | সর্বোচ্চ দর | ৫০০/- |

স্বা:-

(মু. মাহমুদ উল্লাহ মারুফ)
উপজেলা নির্বাহী অফিসার
সদর, কক্সবাজার
ফোন : ০৩৪১-৬৩৭১৫
ফ্যাক্স : ০৩৪১-৬৪৬৪১
e-mail: unocoxsbazar@mopa.gov.bd

স্মারক নং-০৫.২০.২২০০.২২৪.২০২০-৩৪৭

তারিখ : ০১ শ্রাবণ ১৪২৭ বাংলা
১৬ জুলাই ২০২০ খ্রিস্টাব্দ

**অনুলিপি : সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে-**

০১। মাননীয় সংসদ সদস্য, কক্সবাজার-৩(সদর-রামু)

০২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০৩। জেলা প্রশাসক, কক্সবাজার।

০৪। উপ-পরিচালক, স্থানীয় সরকার, কক্সবাজার। সদয় অবগতি ও বহুল প্রচারের জন্য।

০৫। পুলিশ সুপার, কক্সবাজার। সদয় অবগতি ও বহুল প্রচারের জন্য।

০৬। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), কক্সবাজার।

০৭। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সদর, কক্সবাজার।

০৮। উপজেলা নির্বাহী অফিসার (সকল)।

০৯। মেয়র, কক্সবাজার। বহুল প্রচারের অনুরোধসহ।

১০। সহকারী কমিশনার (ভূমি), সদর, কক্সবাজার। বহুল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য।

১১। অফিসার ইনচার্জ, সদর মডেল থানা, কক্সবাজার।

১২। ইনচার্জ, ঈদগাঁও তদন্ত কেন্দ্র, সদর, কক্সবাজার।

১৩। চেয়ারম্যান ........................................ ইউনিয়ন পরিষদ (সকল), সদর, কক্সবাজার। বহুল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য।

১৪। অফিস কপি।

১৬/০৭/২০২০

উপজেলা নির্বাহী অফিসার
সদর, কক্সবাজার